



CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA-799 006

বনমহোৎসব - ২০১৫

বিনম্র আবেদন

বনসম্পদ শুধু রাজ্যের প্রাকৃতিক শোভাবর্ধন বা পরিবেশ সংরক্ষণে সীমাবদ্ধ নয়। এই সবুজ সম্পদরাজি ত্রিপুরার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে এক গুরুত্বপূর্ণ চাবিকাঠি। আজ রাজ্যের এই বিপুল বনরাশি স্থায়িত্ব দিয়েছে প্রকৃতির ভারসাম্য রক্ষায় এবং সুদৃঢ় করতে সাহায্য করেছে সার্বিক কৃষি-ব্যবস্থার উন্নয়নে।

আবহাওয়া পরিবর্তনের সাথে সাযুজ্য রেখে রাজ্যের প্রাকৃতিক সম্পদকে বিজ্ঞানভিত্তিক উপায়ে কাজে লাগিয়ে পরিবেশ সংরক্ষণের মত গুরুত্বপূর্ণ বিষয়কে আপামর জনসাধারণের কাছে পৌঁছে দেবার অন্যতম মাধ্যম হচ্ছে বনমহোৎসব। মানুষ, বন ও প্রকৃতির ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণ নিঃসন্দেহে এক প্রাণসঞ্চারী কর্মপ্রকল্প। বনমহোৎসব নিছক এক আনুষ্ঠানিক বৃক্ষরোপণ কর্মসূচি নয়, এ হচ্ছে আমাদের অন্যতম সামাজিক গুরুদায়িত্ব - জীবনের উৎসব।

আসুন, আমরা এই মহতি উৎসবের মাধ্যমে বৃক্ষনিধনের মত অপপ্রয়াসকে সংঘবদ্ধভাবে প্রতিহত করি এবং প্রকৃতি-প্রদত্ত শ্যামলী ত্রিপুরাকে আরও সবুজে সবুজে সমৃদ্ধ করি।


(মানিক সরকার)

মুখ্যমন্ত্রী
ত্রিপুরা